জীবনে এ কি প্রথম বসন্ত এল, এল !    এল রে !
নবীন বাসনায় চঞ্চল যৌবন       নবীন জীবন পেল ।
এল, এল ।
বাহির হতে চায় মন,    চায়, চায় রে—
করে কাহার অন্বেষণ ।
ফাগুন-হাওয়ার দোল    দিয়ে যায় হিল্লোল—
চিতসাগর উদ্বেল ।     এল, এল ।
দখিনবায়ু ছুটিয়াছে,     বুঝি    খোঁজে কোন্ ফুল ফুটিয়াছে—
খোঁজে বনে বনে—       খোঁজে আমার মনে ।
নিশিদিন আছে মন জাগি  কার পদপরশন-লাগি—
তারি তরে মর্মের কাছে শতদলদল মেলিয়াছে
আমার মন ॥

---

Parjaay: Prem O Prakriti, Taal: Kaharwa

Visit www.geetabitan.com for notation and other detail